**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**30 OCTOBER 2025** **7:35 AM IST**

========================================================================

রাজ্য সরকারের কর্মচারী, পেনশনার এবং তাদের উপর নির্ভরশীল-পরিবারের অন্যান্য সদস্যরা এখন থেকে নগদবিহীন চিকিৎসা পরিসেবা লাভ করতে পারবেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল দিশপুর লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী লোকসেবক আরোগ্য যোজনা প্রকল্পের আনুষ্ঠানিক সূচনা করে একথা জানান ।

মুখ্যমন্ত্রী এই অনুষ্ঠানে রাজ্য কর্মচারীদের মধ্যে নতুন স্বাস্থ্য বীমা প্রকল্পটির  হেল্‌থ কার্ডও বিতরণ করেছেন । এছাড়া মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ওই অনুষ্ঠানে আয়ুষ্মান আসাম মুখ্যমন্ত্রী লোকসেবক আরোগ্য যোজনার ডিজিট্যাল সংবাদপত্রেরও আনুষ্ঠানিক প্রকাশ করেন । মূখ্যমন্ত্রী ডঃ শর্মা এসম্পর্কে আরো জানান ---- বাইট---------

---

আসাম বিধানসভার শীতকালীন অধিবেশন আগামী ২৫শে নভেম্বর থেকে শুরু হবে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের ভাষণের মাধ্যমে অনুষ্ঠেয় এই অধিবেশনে বেশকয়েকটি বিল উত্থাপন করা হবে । এছাড়া কয়েকটি গুরুত্বপূর্ণ প্রতিবেদন দাখিল করারও কথা রয়েছে । রাজ্য সরকার

বিধানসভার শীতকালীন অধিবেশনে লাভ জেহাদ, বহু বিবাহের বিরুদ্ধে বিল এবং সত্র সংরক্ষণ সম্পর্কে বিল পেশ করার সিদ্ধান্ত নিয়েছে । এছাড়া ছ'টি জনগোষ্ঠীর জনজাতিকরণ সম্পর্কে মন্ত্রীগোষ্ঠীর প্রতিবেদনের সঙ্গে নেলী হত্যাকান্ড নিয়ে গঠন করা তিওয়ারি কমিশনের প্রতিবেদন বিধানসভায় পেশ করা হবে । অনুরূপভাবে চা বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান এবং আসামের প্রতিটি মেডিকেল কলেজে চা বাগানের শিক্ষার্থীদের জন্য চারটি করে আসন সংরক্ষণ করার জন্যেও বিধানসভায় বিল উত্থাপন করা হবে ।

---

সঙ্গীত শিল্পী জুবিন গর্গের মৃত্যুর তদন্ত সর্ম্পকে গঠন করা বিশেষ তদন্ত কারী গোষ্ঠী , এস আই টি খুব শীঘ্রই অভিযোগ নামা আদালতে পেশ করবে । মূখ্যমন্ত্রি ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানান যে এস আই টি এপর্যন্ত ৭৫ জনের সাক্ষ্য গ্রহণ করেছে । গরিমা গার্গ গতকাল ব্রক্ষ্মপুত্র নদে শিল্পী জুবিন গার্গের চিতাভস্ম বিসর্জন করেন । যোরহাটেও জুবিন গার্গের চিতাভস্ম বিসর্জন দেওয়া হয় ।

এদিকে আগামীকাল জুবিন গার্গের বহু প্রত্যাশিত ছবি রৈ রৈ বিনালে ছবিটি মুক্তি পাবে এ সর্ম্পকে গরিমা গর্গ জানান যে রৈ রৈ বিনালে ছবিটি জুবিন গার্গের নয় , এটি আসামবাসীর স্বপ্ন । জুবিন গার্গের স্বপ্নকে বাস্তবায়িত করতে তিনি প্রয়াস করে যাবেন বলে উল্লেখ করেন ।

---

বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল কাবুগঞ্জ জনতা কলেজে ছাত্রীদের জন্য একটি নতুন আবাসিক হোস্টেলের

ভিত্তিপ্রস্তর স্থাপন সহ কলেজের জন্য নির্মিত ব্যায়ামাগারের উদ্বোধন করেছেন ।  উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই নতুন শ্রেণী কক্ষ নির্মাণের জন্য ৫০ লক্ষ টাকা প্রদান করে ভবিষ্যতেও কলেজের পাশে থাকার আশ্বাস দেন ।

কলেজ পরিচালন সমিতির সভাপতি মোহন সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিধায়ক নীহার রঞ্জন দাস , কলেজ অধ্যক্ষ ডক্টর দেবাশীষ পাল , কলেজ প্রাক্তনী সমিতির সভাপতি স্বপন শুক্লবৈদ্য প্রমূখ বক্তব্য রাখেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামী বছর অনুষ্ঠেয় মাধ্যমিক পরীক্ষা স্বচ্ছ এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের বিভিন্ন স্থানে পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন করার নির্দেশ জারি করেছে । এই নির্দেশ অনুযায়ি প্রতিটি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বে থাকা আধিকারীক কে আগামীকালের মধ্যে কমিটি গঠন করার জন্য সাধারণ সভা আহ্বান করতে হবে । এই সভায় সমাজের বিভিন্ন শ্রেণীর লোকেদের উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে ।পরীক্ষার্থীদের অভিভাবক , শিক্ষাবিদ , বিদ্যালয় পরিচালন কমিটির সদস্য , পুলিশ আধিকারীক সহ কম করেও ৫০ জন লোক সভায় উপস্থিত থাকতে হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ সোনাই বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য শিবির অনিবার্যকারণ বশত পিছিয়ে দেওয়া

হয়েছে । স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে মেগা স্বাস্থ্য শিবিরের পরবর্তী তারিখ খুব শীঘ্রই জানানো হবে ।

---

শ্রীভূমি জেলা সৈনিক কল্যাণ কার্যালয়ের উদ্যোগে শ্রীভূমি জেলার বিভিন্ন স্থানে সেনাবাহিনী , নৌবাহিনী ও বিমান বাহিনীর প্রাক্তন সেনাকর্মীদের চলতি অর্থ বছরের জন্য প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । জেলা সৈনিক কল্যাণ আধিকারিক জানিয়েছেন যে আগামীকাল রামকৃষ্ণনগরের পার্শ্ববর্তী গ্রামগুলিতে, ১৭ই অক্টোবর মহিশাসনে , ২৪শে অক্টোবর ভাঙ্গায় , আজ বদরপুরে , চৌঠা নভেম্বর আদরকোনায় , ১১ই নভেম্বর বরগুলে ,১৫ই নভেম্বর রাতাবাড়ীতে এবং ১৯শে নভেম্বর নেতাজী পল্লীতে প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । এই সমাবেশে প্রাক্তন সৈনিক , সৈনিকদের স্ত্রী , মা ও তাদের পরিবারের নির্ভরশীল সদস্যদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং আর্শীবাদ ক্লাবের সহযোগীতায় আগামী রবিবার শিলচর দাস কলোনীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

==========================================

---